অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/10/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাশ্রয়ী আবাসন ইউনিটের জন্য শক্তি দক্ষ আপগ্রেড ঘোষণা করেছেন

30 মিলিয়ন মার্কিন ডলারের রেট্রোফিটNY প্রোগ্রামের দ্বিতীয় রাউন্ডে 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে

প্রোগ্রামটি কর্মসংস্থান সৃষ্টি, নতুন উন্নত-প্রযুক্তির কর্মক্ষেত্র গঠন এবং খরচ-দক্ষ পুনরাবৃত্তি করার মত সমাধান অগ্রসর করবে এমন প্রত্যাশা করা যাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে 30 মিলিয়ন মার্কিন ডলারের রেট্রোফিটNY (RetrofitNY)প্রোগ্রামের অধীনে পাইলট প্রকল্পের দ্বিতীয় রাউন্ডের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার ঘোষণা করেছেন। প্রোগ্রামটি পুরো-ভবনের দক্ষ শক্তি আপগ্রেড অগ্রসর করতে সাহায্য করবে যা বহু পরিবারের সাশ্রয়ী আবাসন থেকে নিঃসরণ উল্লেখযোগ্য পরিমাণ কম করবে। এই উদ্যোগ দ্বারা অর্থায়িত প্রকল্পসমূহ নিউ ইয়র্কের বর্ধিষ্ণু সবুজ অর্থনীতির অংশ হিসেবে ভবন সংস্কার আধুনিকায়নকে সমর্থন করবে প্রযুক্তি-ভিত্তিক নির্মাণ সমাধান প্রদর্শনের মাধ্যমে যা কর্মসংস্থান সৃষ্টি, নিউ ইয়র্ক স্টেটে উন্নত-প্রযুক্তির কর্মক্ষেত্র প্রতিপালন করবে এবং খরচ-দক্ষ পুনরাবৃত্তি করার মত সমাধান অগ্রসর করবে এমন প্রত্যাশা করা যাচ্ছে। আজকের ঘোষণা স্টেটের 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার দেশের-নেতৃস্থানীয় লক্ষ্যকে সমর্থন করে, ক্লাইমেট লিডারশীপ অ্যান্ড কমিউনিটি প্রটেকশন অ্যাক্টে (ক্লাইমেট অ্যাক্ট) (Climate Leadership and Community Protection Act (Climate Act)) যার রূপরেখা করা আছে।

"ভবন স্টেটব্যাপী ক্ষতিকর নিঃসরণের আনুমানিক এক তৃতীয়াংশের জন্য দায়ী," **গভর্নর হোকল বলেন।** "ভবন সংস্কার শিল্প রূপান্তরের সার্বিক পন্থাটি নিশ্চিত করবে যে নিউ ইয়র্কের ভবনগুলি যেন সকল বাসিন্দার জন্য আর পরিচ্ছন্ন,সবুজতর এবং আর স্বাস্থ্যকর হয়। উদ্ভাবনী ডিজিটাল প্রযুক্তি ও নির্মাণ এবং উৎপাদন প্রক্রিয়া সমর্থনের মাধ্যমে, নিউ ইয়র্ক পরিচ্ছন্ন শক্তি ব্যবহারে নিজের নেতৃত্ব আরো পাকাপোক্ত করছে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত, আজকের রেট্রোফিটNY অর্থায়ন সাততলা পর্যন্ত উপযুক্ত সাশ্রয়ী আবাসন ভবনের মালিকদের সমর্থন করার চেষ্টা করবে। প্রোগ্রামটি আগামী দুই বছরের মধ্যে ভবন মালিকদের তাদের ছাদ, জানালা, এবং/অথবা

হিটিং সিস্টেম প্রতিস্থাপনে উল্লেখযোগ্য সংস্কার পরিকল্পনা করতে সাহায্য করে। উপযুক্ত ভবনের মালিকেরা এছাড়াও 100,000 মার্কিন ডলার পর্যন্ত নকশা প্রণোদনার জন্য উপযুক্ত হতে পারে। উপযুক্ততা নির্ণীত হবে ভবন সংস্কার কাজের সুযোগ হিসেবে কী দাখিল করা হয়েছে তার উপর। এছাড়াও মালিকেরা সকল ইলেকট্রিকের ক্রমবর্ধমান খরচ, সম্পূর্ণ ভবনের এমন আপগ্রেড যা ভবনকে কার্বন নিরপেক্ষতার পথে নিয়ে যায় তার জন্য বাসস্থান ইউনিট প্রতি অতিরিক্ত 40,000 মার্কিন ডলারের জন্য উপযুক্ত হতে পারেন, যা ভবন প্রতি 1.6 মিলিয়ন মার্কিন ডলারে সীমিত হবে, উপলভ্য অর্থায়নের উপর নির্ভর করবে। ক্রমবর্ধমান অর্থায়নেরে লক্ষ্য অন্য উৎস যেমন নিয়ন্ত্রিত আবাসন এজেন্সি, ব্যাঙ্ক ঋণ এবং নিয়মিত-সাধারণ সংস্কারের জন্য ব্যবহৃত কর ক্রেডিট দ্বারা অর্থায়নের ব্যবধান মেটানো। এটি ভবন মালিকদের এমন সংস্কার চাওয়ার ব্যবস্থা করে যা উচ্চ পারফরম্যান্স এবং কম কার্বন সমাধান অর্জন করে যার লক্ষ্য হল ভবিষ্যতে সম্পূর্ণ কার্বন নিরপেক্ষ সংস্কার সমাধানে পৌঁছানো।

NYSERDA-র প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনের জন্য, এখন থেকে শুরু করে মধ্য-শতাব্দী পর্যন্ত প্রতি বছর 200,000 এর বেশি ভবন রেট্রোফিটেড করতে হবে এবং তা অর্জনের জন্য আমাদের এমন উদ্ভাবনী সমাধান চিহ্নিত করতে হবে যা ভবন মালিক ও বাসিন্দাদের জন্য কাজ করে। আমরা ভবন মালিকদের প্রণোদনা দিচ্ছি সাধারণ সংস্কারের করার সাথে সাথে কার্বন নিরপেক্ষ সমাধান গ্রহণ করতে যা সম্পূর্ণ ভবনের সংস্কারের জন্য পুনরাবৃত্তি প্রক্রিয়া সৃষ্টি করবে যা ভবনের নিঃসরণ হ্রাস করে এবং বাসিন্দাদের আরাম বৃদ্ধি করে।"

প্রোগ্রামটির অধীনে প্রণোদিত সম্পূর্ণ ভবনের রেট্রোফিট ভবনের বাহ্যিক অংশ আপগ্রেড করে অফ-সাইটে প্রস্তুত, প্যানেলাইজড ফাসাড সিস্টেম ব্যবহার করে এবং ভবনের শক্তি ব্যবহার কম করতে অন্যান্য ভবন দক্ষতা আপগ্রেড করে, একই সাথে হিটিং,কুলিং, এবং আভ্যন্তরীণ গরম পানির জন্য সকল ইলেকট্রিক হিট পাম্প-ভিত্তিক সিস্টেম দক্ষ করতে, শক্তি পুনরুদ্ধার ভেন্টিলেশন অন্তর্ভুক্ত করতে, এবং সৌর ফটোভলট্যাটিক (photovoltaic, PV) সিস্টেম সংযোজন করতে মেকানিক্যাল সিস্টেম আপগ্রেড করে।

রেট্রোফিটNY দ্বারা সম্পূর্ণ ভবন রেট্রোফিট করার সুবিধা হলঃ

- অন-সাইট নির্মাণ সময় হ্রাসের জন্য অফ-সাইটে প্রস্তুত ভবন উপকরণ ব্যবহারের ফলে সংস্কারের সময় বাসিন্দাদের স্থানান্তর কমানো;
- অপেক্ষাকৃত কম ইউটিলিটি খরচ এবং অন্যান্য ভবন পরিচালনা ব্যয়;
- বিদ্যুৎ বিভ্রাটের সময় উন্নত ভবন স্থিতিশীলতা;
- ইলেক্ট্রিফিকেশন ও উন্নত ভেন্টিলেশনের মাধ্যমে উন্নত অভ্যন্তরীণ বাতাসের মান;
- বাইরের শব্দ ভেতরে আসা হ্রাস;
- ভবনের নান্দনিক চেহারা সুন্দর করা; এবং
- ভবন সংক্রান্ত স্থানীয় আইন মেনে চলা।

স্টেট সিনেটর ব্রায়ান ক্যাভানাহ বলেন, "আমাদের সাশ্রয়ী আবাসন স্টকের শক্তি দক্ষ আপগ্রেড সমর্থন করতে সরকারি তহবিল উপলভ্য করা গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ দূর করতে আমাদের কাজের একটি অত্যাবশ্যকীয় অংশ। আমাদেরকে অবশ্যই আমাদের সমাজ ও

অর্থনীতির সকল খাতে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ ও বায়ু দূষণ হ্রাস করতে আগ্রাসী পদক্ষেপ নিতে হবে, যদি আমরা সত্যিই জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব হ্রাস করতে চাই। আমাদের আরো অনেক বড় পরিসরে এমন বিনিয়োগ করতে হবে, কিন্তু রেট্রোফিটNY প্রোগ্রামটি সঠিক দিকে একটি গুরুত্বপূর্ণ ধাপ। আমি গভর্নর ক্যাথি হোকল, NYSERDA প্রধান রিচার্ড খফম্যান, এবং NYSERDA-র সকলকে নিউ ইয়র্ককে টেকসই বিশ্বের নেতা বানানোর জন্য তাদের অব্যাহত অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেট সিনেটর কেভিন পার্কার বলেন, "রেট্রোফিটNY প্রোগ্রামটি নিশ্চিত করবে যে আমরা আমাদের সুবিধা বঞ্চিত সম্প্রদায়সমূহকে অগ্রাধিকার প্রদান করতে আমাদের অংশের কাজ করছি।প্রোগ্রামটি হাজার হাজার সাশ্রয়ী আবাসন বাসিন্দাদের জন্য সম্পদরূপ হবে এবং স্টেটের ভেতরে বসবাসকারীদের কর্মসংস্থান করবে। আমি সময়ের সাথে এই প্রকল্পের সম্প্রসারণ দেখার জন্য উন্মুখ কারণ আমরা আমাদের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যে পৌঁছাতে কাজ করে যাচ্ছি।"

অ্যাসেম্বলিমেম্বার স্টিভেন সিমব্রোউইচ বলেন, "রেট্রোফিটNY হল একটি সকলের জয় হয় এমন একটি প্রোগ্রাম যা সাশ্রয়ী আবাসনের বাসিন্দাদের শক্তি দক্ষ আপগ্রেডের সুবিধা প্রদান করে এবং একই সাথে আমাদের স্টেটের অর্থ সাশ্রয় করে এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসে আমাদের লক্ষ্যকে সমর্থন করে। ধন্যবাদ গভর্নর হোকল এই জরুরি উদ্যোগের দ্বিতীয় রাউন্ড অগ্রসর করার জন্য।"

অ্যাসেম্বলিমেম্বার মাইকেল কুসিক বলেন, "যখন আমরা আমাদের শক্তি ও জলবায়ু লক্ষ্য অর্জনের দিকে ক্রমশ অগ্রসর হচ্ছি, আমাদের শক্তি দক্ষতা উন্নত করা অব্যাহত রাখা এবং ভবনগুলিকে আপগ্রেড করা, যেগুলি আমাদের সার্বিক গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের অনেক অংশের জন্য দায়ী, অত্যন্ত জরুরি। আজকের ঘোষণা আমাদের অবকাঠামোর কার্বন পদচিহ্ন হ্রাস করার অব্যাহত অঙ্গীকার প্রদর্শন করে এবং আমাদের শক্তি ও জলবায়ু লক্ষ্যে পৌঁছানোর দিকে একটি অর্থপূর্ণ ধাপ।"

যেসব ভবন মালিক এই সুযোগ নিতে আগ্রহী তাদের অবশ্যই প্রথমে NYSERDA-র কোনো উপযুক্ত সমাধান প্রদানকারীর সাথে অংশীদারিত্ব করার উপযুক্ত হতে হবে, নকশা, আসবাবসজ্জা এবং তাদের পাইলট ভবনে সম্পূর্ণ-বৈদ্যুতিক সম্পূর্ণ ভবন সমাধান ইন্সটল করার জন্য উপযুক্ত প্রস্তুতকারকের পণ্য ব্যবহার করতে হবে। NYSERDA ভবন মালিকদের সহায়তা করার জন্য সমাধান প্রদানকারীর মিল করিয়ে দেওয়ার কাজ করে, যারা এরপর ব্যবধান অর্থায়নের জন্য আবেদন করতে পারবে। অনুমোদিত পাইলটগুলি তাদের নকশা চূড়ান্ত করতে একটি চার থেকে ছয় মাসের নকশা প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবে। পাইলট প্রকল্পগুলি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নির্বাচিত ও অর্থায়িত করা হবে, এবং সুযোগটি 2022 সালের 1 নভেম্বর পর্যন্ত বা তহবিল শেষ হয়ে যাওয়ার আগ পর্যন্ত থাকবে। আবেদন করতে, এখানে ক্লিক করুন। যারা আরো জানতে আগ্রহী তাদের জন্য শুক্রবার, 19 নভেম্বরে একটি তথ্যমূলক ওয়েবিনারের সময় নির্ধারিত করা হয়েছে।

এর প্রথম রাউন্ডের পাইলট প্রকল্পগুলি 2018 সালে নির্বাচিত হয়েছিলো এবং তারা খরচ কমাতে প্রাক-নির্মিত ও সমন্বিত ভবন ব্যবস্থার আগামী প্রজন্ম বিকাশে সাহায্য করছে এবং একই সাথে জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব, যা সুবিধা বঞ্চিত সম্প্রদায়সমূহকে অসামাঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে, উপশম করবে। যেমন, ব্রুকলিনের সুবিধা বঞ্চিত সম্প্রদায়ে অবস্থিত রাইসবোরো কমিউনিটি পার্টনারশিপের (Riseboro Community Partnership) কাসা প্যাসিভা (Casa Pasiva) একটি শতভাগ সাশ্রয়ী আবাসন প্রকল্পটি এই বছরের শেষ নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যাচ্ছে। তারা 60-80 শতাংশ ভবন শক্তি হ্রাস করবে এবং একই সাথে বাসিন্দাদের অভ্যন্তরীণ পরিবেশ মান ও স্বাস্থ্য উল্লেখযোগ্য পরিমাণ উন্নত করবে। নিউ ইয়র্ক স্টেট অন্যান্য স্টেটের সাথে সমবেত কাজের মাধ্যমে সম্পূর্ণ ভবন গভীর শক্তি রেট্রোফিটের জন্য একটি আঞ্চলিক ও জাতীয় বাজার তৈরিতে নেতৃত্ব দিচ্ছে এবং অতিরিক্ত গবেষণা ও বিকাস প্রচেষ্টার সমর্থন পাচ্ছে মার্কিন ডিপার্টমেন্ট অফ এনার্জি (Department of Energy) থেকে তাদের অ্যাডভান্সড বিল্ডিং কন্সট্রাকশন ইনিশিয়েটিভের (Advanced Building Construction Initiative) মাধ্যমে যা হিটিং ভেন্টিলেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং (Heating Ventilation and Air Conditioning, HVAC) সমর্থনে এবং প্রোগ্রাম দ্বারা সরাসরি অবহিত এনভেলপ প্রযুক্তির জন্য 2020 সালে একাধিক অ্যাওয়ার্ড প্রদান করেছে।

ভবনগুলি নিউ ইয়র্ক রাজ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনের অন্যতম বৃহত্তম উৎস এবং বিদ্যমান ভবনগুলিতে জ্বালানি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ ব্যবস্থা একীভূত করা কার্বন দূষণ হ্রাস করবে এবং আরও টেকসই, স্বাস্থ্যকর এবং আরামদায়ক ভবন অর্জনে সহায়তা করবে। NYSERDA ও ইউটিলিটি প্রোগ্রামের মাধ্যমে, ভবনগুলিতে কার্বন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করা হচ্ছে।কার্বন সুবিধার পাশাপাশি, প্রকল্পগুলি স্টেটকে এর উচ্চাভিলাষী শক্তি দক্ষতা লক্ষ্য, 2025 সালের মধ্যে অনসাইট শক্তি ব্যবহার 185 TBtu হ্রাস করা, যা হল 1.8 মিলিয়ন বাড়ির বিদ্যুৎ সরবরাহের সমতুল্য, অর্জন করতে সাহায্য করবে।

প্রোগ্রামটি NYSERDA-র 6 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন এনার্জি ফান্ড দ্বারা অর্থায়িত হবে।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। ক্লাইমেট লিডারশিপ এবং কমিউনিটি প্রটেকশন অ্যাক্টের আইন অন্তর্ভুক্তির মাধ্যমে, 2030 সালের মধ্যে 70 শতাংশ রিনিউএবল বিদ্যুৎশক্তি উৎপাদন এবং অর্থনীতি জুড়ে কার্বন নিউট্রালিটির মাধ্যমে, 2040 সালের মধ্যে নিউ ইয়র্ক বিদ্যুৎশক্তির ক্ষেত্রে শূন্য নির্গমনের লক্ষ্যে পৌঁছতে চলেছে। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার পুনর্নবায়নযোগ্য প্রোজেক্টে $21 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য $6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য $1.8 বিলিয়ন ডলার, স্বচ্ছ পরিবহনের উদ্যোগগুলির জন্য $1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাংকের প্রতি অঙ্গীকারে $1.2 বিলিয়ন ডলারের বেশি সহ, স্বচ্ছ শক্তির উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে ভিত্তি করে এটি আরও

প্রসারিত করে। সম্মিলিতভাবে এই বিনিয়োগগুলি 2015 সাল থেকে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000টির বেশি কর্মসংস্থান, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ু বিকাশের অঙ্গীকারকে সমর্থন করছে। ক্লাইমেট অ্যাক্টের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে ভিত্তি করে আরো কাজ করবে এবং 2050 সালের মধ্যে 1990 সালের তুলনায় গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ 85 শতাংশ হ্রাস করবে একই সাথে নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের কমপক্ষে 35 শতাংশ, লক্ষ্য থাকবে 40 শতাংশ সুবিধা যাতে সুবিধা বঞ্চিত সম্প্রদায়ের জন্য প্রদান করা হয়।

NYSERDA সম্পর্কে

NYSERDA, হল জনগনের সুবিধার্থে একটি কর্পোরেশন, যা লক্ষ্য সম্পর্কিত তথ্য এবং তার বিশ্লেষণ, আধুনিকতাকরণ প্রোগ্রাম, কারিগরী দক্ষতা এবং নিউইয়র্কবাসীদের বিদ্যুৎশক্তির কার্যকারিতা, অর্থ অপচয় কম করতে, রিনিউএবল বিদ্যুৎশক্তিকে ব্যবহার করতে এবং জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমানোর জন্য তহবিলের মাধ্যমে সাহায্য করে। NYSERDA পেশাদাররা পরিবেশ রক্ষায় এবং ক্লিন-এনার্জি কর্মসংস্থান তৈরিতে কাজ করে। 1975 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটে NYSERDA উন্নত আধুনিক মানের বিদ্যুশক্তির সমাধানের উদ্দেশ্যে পার্টনারশীপের বিকাশ সাধন করে চলেছে। NYSERDA-এর কর্মসূচি এবং তহবিল প্রাপ্তির সুযোগ সম্পর্কে আরো তথ্য জানতে, nyserda.ny.gov ওয়েবসাইট দেখুন অথবা টুইটার (Twitter), ফেসবুক (Facebook), ইউটিউব (YouTube), বা ইনস্টাগ্রাম (Instagram) এ আমাদের অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন